35

NOV. 27 2000

তারিখ ............
পৃঃ 8 কলাম 7

দৈনিক সংবাদ

## সহকারী জেলা শিক্ষা অফিসার পদের বিলুপ্তি প্রসঙ্গে

বর্তমান সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের চাহিদা ও মাধ্যমিক শিক্ষার পরিদর্শন শাখার কার্যক্রমকে গতিশীল ও সাবলিল করার মানসে সরকারি স্কুলগুলো থেকে অভিজ্ঞ ও বয়স্ক বেশ কিছুসংখ্যক শিক্ষককে সহকারী জেলা শিক্ষা অফিসার পদে স্ববেতন বদলি করেছে। চরম অবহেলিত সেসব শিক্ষক স্ব স্ব জেলা শিক্ষা অফিসারের অধীন চাকরিরত খুবই অসহায় অবস্থার মধ্যে দিনাতিপাত করছেন। প্রায় ক্ষেত্রেই লক্ষণীয় যে, সহকারী জেলা শিক্ষা অফিসার তার জেলা শিক্ষা অফিসারের দপ্তরে কর্মহীন দিনযাপন করছেন। তার কোন অফিসিয়াল স্বীকৃতি নেই। ফলে বেসরকারি স্কুলের যাবতীয় কাজ- যথা পরিদর্শন, নিরীক্ষণ, বেতনবোর্ড ইত্যাদি কাজ জেলা শিক্ষা অফিসার স্বয়ং অফিসের কেরানির সাহায্যে করে থাকেন। সহকারী জেলা শিক্ষা অফিসার অসহায়ের মতো বসে বসে বেতন গ্রহণ করছেন জেলা শিক্ষা অফিসারের বদান্যতায়। এমন পদ সৃষ্টি করে শিক্ষাদান পদ্ধতিকে পঙ্গু করা ছাড়া আর কোন কিছুই হয়নি। বিষয়ভিত্তিক এ সব শিক্ষকবৃন্দকে স্কুলে রাখলে শিক্ষাদান ক্ষেত্রে সুফল বয়ে আনতো। এদের পরিদর্শন শাখায় জোর করে বদলি করায় শিক্ষাদান চরমভাবে ব্যহত হয়েছে এবং পরিদর্শন কাজে কোন সুফল পাওয়া যায়নি। এসব অভিজ্ঞ শিক্ষকবৃন্দ যাদের সহকারী জেলা শিক্ষা অফিসার পদে বদলি করা হয়েছে তাদের স্কুলে ফিরিয়ে নিয়ে ঐ তথাকথিত সহকারী জেলা শিক্ষা অফিসার পদে অশিক্ষক ব্যক্তিকে নিয়োগ প্রদান করলে কিছু সুফল পাওয়া যেতে পারে। তাছাড়া বর্তমানে যেভাবে ঐসব অফিস পরিচালিত হচ্ছে তাতে একমাত্র জেলা শিক্ষা অফিসারই যথেষ্ঠ তার কেরানিদের নিয়ে। কিছু দুর্নীতিপরায়ণ ব্যক্তিদের স্বার্থে এসব অফিস কিভাবে চলে তার সুষ্ঠু তদন্ত হলে অনেক অনিয়ম ও আর্থিক লেনদেনের ঘনঘটা ধরা পড়বে।

শিক্ষা প্রসার ও সুষ্ঠু নিয়ন্ত্রণের স্বার্থে বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা সচিব এবং সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

নলিনী সরকার
তারাগুনিয়া, দৌলতপুর
কুষ্টিয়া।